# সমঝোতা স্মারক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগষ্ট ২০০২

# কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

# ও

# স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

# এর মধ্যে

## সমঝোতা স্মারক

ভূমিকা

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর দেশের গ্রামীণ অবকাঠামো, পানি সম্পদ ও পরিবেশ উন্নয়নের মাধ্যমে স্থানীয় সম্পদ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করছে। এগুলোর মধ্যে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প, রাবার ড্যামের মাধ্যমে পানি সংরক্ষণ প্রকল্প, গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প, চর উন্নয়ন ও সেটেলমেন্ট প্রকল্প এবং পল্লী উন্নয়ন প্রকল্প বিশেষভাবে উল্লেখযোগ্য। এ সমস্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের পর আবাদি জমিতে জলাবদ্ধতা হ্রাস, বন্যা ব্যবস্থাপনা, সেচ পানি সরবরাহ, সড়ক যোগাযোগ এবং নতুন নির্মিত গুদাম ও হাটবাজারে কৃষিপণ্য গুদামজাত ও বাজারজাত করণের সুবিধা বৃদ্ধি পেয়েছে। ফলে বাস্তবায়িত প্রকল্প ও উপ-প্রকল্প সমূহ ভূমি ও পানি সম্পদের সঠিক ব্যবহার, ফসল আবাদি এলাকা বৃদ্ধি, সময়মত ফসল আবাদ, উচ্চ ফলনশীল নতুন জাতের ফসল চাষ, শস্য বহুমুখীকরণ, কৃষি উপকরণের সুষম ও দক্ষ ব্যবহার, মৃত্তিকা সম্পদ ব্যবস্থাপনা এবং সমন্বিত বালাই ব্যবস্থাপনা প্রয়োগের মাধ্যমে পরিবেশ ভারসাম্যতা নিশ্চিত করে স্থিতিশীল কৃষি উৎপাদন ও কৃষকদের উপার্জন বৃদ্ধির যথেষ্ট সুযোগ সৃষ্টি করেছে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প এলাকা সমূহে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উপকারভোগী ও তাদের প্রতিনিধিত্বে গঠিত সংগঠন বা সমিতিকে কৃষি উৎপাদন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, উন্নত কৃষি প্রযুক্তি হস্তান্তর ও মাঠ পর্যায়ে কৃষক প্রশিক্ষণসহ কৃষি সম্প্রসারণ কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা দিয়ে আসছে। বিশেষ করে ১৯৯৭ সাল থেকে দেশের উত্তর-পশ্চিম ও দক্ষিণ-পশ্চিম অঞ্চলে ৩৭টি জেলায় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীনে বাস্তবায়িত ২৮০ টি উপ-প্রকল্প এলাকায় পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির সদস্যদের কৃষি উৎপাদন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, উন্নত কৃষি প্রযুক্তি হস্তান্তর ও মাঠ পর্যায়ে কৃষি সম্প্রসারণ কার্যক্রম আয়োজনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর ব্লক, উপজেলা ও জেলা কার্যালয় থেকে প্রাপ্ত সহযোগিতা উল্লেখযোগ্য। এছাড়া দেশের বিভিন্ন কৃষি পরিবেশ অঞ্চলে অবস্থিত কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির সদস্যদের নিজ উপ-প্রকল্প এলাকা উপযোগী উন্নত কৃষি প্রযুক্তির উপর বিশেষ প্রশিক্ষণ প্রদান করছে। কৃষি সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের এই যৌথ ভূমিকা নতুন কৃষি সম্প্রসারণ নীতি বাস্তবায়ন অনেক সহজতর করেছে। এই সমস্ত কৃষি কার্যক্রম আয়োজন ও ব্যবস্থাপনার সুবিধার্থে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর মধ্যে ১৯৯৭ সালের ১ জুন তারিখে স্বাক্ষরিত সমঝোতা স্মারক এর মেয়াদ গত ৩১ মে ২০০২ তারিখে সমাপ্ত হয়েছে।

এই পরিপ্রেক্ষিতে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প ও উপ-প্রকল্প এলাকা সমূহে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের স্থানীয় কার্যালয়ের মাধ্যমে কৃষি সম্প্রসারণ কার্যক্রম অব্যহত রাখা এবং ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় জুলাই ২০০২ সাল থেকে দ্বিতীয় পর্যায়ে তিনটি পার্বত্য জেলা ব্যতীত সারাদেশব্যাপি আরও প্রায় ৩০০ টি উপ-প্রকল্প সহ আগামিতে বাস্তবায়িত প্রকল্প ও উপ-প্রকল্প এলাকায় সম্ভাব্য কৃষি সম্প্রসারণ কার্যক্রম আয়োজন ও কৃষক প্রশিক্ষণ প্রদানে প্রয়োজনীয় সহযোগিতার লক্ষ্যে পুনরায় এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলো।

# সমঝোতা স্মারক

এই সমঝোতা স্মারক ২৮ আগষ্ট ২০০২ তারিখে নিম্নলিখিত দুটি প্রতিষ্ঠানের দ্বারা এবং মধ্যে স্বাক্ষরিত হলোঃ

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (পরবর্তীতে "ডিএই" হিসেবে উল্লেখ করা হয়েছে) একটি সরকারী প্রতিষ্ঠান এবং এই সমঝোতা স্মারকে এই প্রতিষ্ঠানের মহাপরিচালক জনাব মোসলেহ্ উদ্দিন আহমেদ কর্তৃক প্রতিনিধিত্ব

-এবং-

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর স্বাক্ষরিত (পরবর্তীতে "এলজিইডি" হিসেবে উল্লেখ করা হয়েছে) গ্রামীণ অবকাঠামো এবং পানি সম্পদ উন্নয়নের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা, পানি নিষ্কাশন ও পানি সেচ উন্নয়নে নিয়োজিত এবং এই সমঝোতা স্মারকে এই প্রতিষ্ঠানের প্রধান প্রকৌশলী জনাব মোঃ শহীদুল হাসান কর্তৃক প্রতিনিধিত্ব।

প্রত্যক্ষ করা হয়েছে যেঃ

যেহেতু

- ডিএই'র দায়িত্ব হলো দেশের সকল শ্রেণীর কৃষকদেরকে তাদের চাহিদা ভিত্তিক ফলপ্রসু ও কার্যকর সম্প্রসারণ সেবা প্রদান করা যাতে করে তারা অধিক, দক্ষ ও সুষম ভূমি ব্যবহার এবং পানি ও অন্যান্য সম্পদের সঠিক ব্যবহারের মাধ্যমে স্থিতিশীল কৃষি উৎপাদন বৃদ্ধি, মান সম্পন্ন স্থানীয় উপযোগী টেকসই কৃষি প্রযুক্তি প্রয়োগ, গ্রামীণ পরিবেশ ও প্রতিবেশ সামঞ্জস্যতা সংরক্ষণ, গ্রামীণ দারিদ্রতা হ্রাস, বিদেশী অর্থ উপার্জন বৃদ্ধি এবং সুষম উৎপাদন, সরবরাহ ও উপার্জন করে আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখতে পারে।
- এলজিইডি'র দায়িত্ব হলো গ্রামীণ সড়ক যোগাযোগ বৃদ্ধি, গ্রোথ সেন্টার বা হাটবাজার উন্নয়ন, বাজারজাতকরণ ব্যবস্থা উন্নতকরণের লক্ষ্যে গ্রামীণ অবকাঠামো উন্নয়ন তরান্বিত করা, আবাদি জমিতে বন্যা ব্যবস্থাপনা, পানি নিষ্কাশন ও পানি সংরক্ষণ করে সেচ এলাকা বৃদ্ধির মাধ্যমে কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধি এবং কর্মসংস্থানের সুযোগ তৈরি করা।
- ডিএই ও এলজিইডি দেশের অত্যন্ত সম্ভাবনাময় কৃষি সম্পদের উন্নয়নে যৌথভাবে আগ্রহান্বিত, উভয়ে এলজিইডি কর্তৃক প্রকল্প ও উপ-প্রকল্প সমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় কৃষি প্রশিক্ষণ ও প্রযুক্তি সম্প্রসারণ কার্যক্রম আয়োজনে সহায়তা করবে।

অতএব, উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ডিএই ও এলজিইডি পরস্পরিকভাবে নিম্নলিখিত কার্যক্রমে সহযোগিতা প্রদানে সম্মত হলোঃ

১. সহযোগিতা প্রদান

ডিএই ও এলজিইডি'র মধ্যে কারিগরী সহযোগিতা কার্যক্রমে, প্রয়োজনমত যথাসম্ভব এলজিইডি'র অর্থায়নে, নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভূক্ত থাকবেঃ

ক) তথ্য ও প্রকাশনা বিনিময়;
খ) কৃষি সেক্টরে প্রশিক্ষণ কার্যক্রম ও ওয়ার্কশপের আয়োজন;
গ) প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যের আওতায় এবং এলজিইডি'র অনুরোধে কারিগরি পরামর্শ এবং সহযোগিতা প্রদান।

২. শর্ত

এই সমঝোতার শর্ত স্বাক্ষরের তারিখ থেকে কোন কারণে সমঝোতা স্মারক বাতিল না করা পর্যন্ত বলবৎ থাকবে। উভয়ে লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে সমঝোতা স্মারক বাতিল করতে পারবে। তবে নোটিশ প্রদানের তারিখ থেকে পরবর্তী ১৮০ দিন সমঝোতা স্মারকের কার্যকারিতা বলবৎ থাকবে।

৩. এলজিইডি'র দায়িত্ব সমূহ

১. এলজিইডি ও এলজিইডি'র কর্মকর্তা ও কর্মীবৃন্দ ডিএইকে প্রকল্প ও উপ-প্রকল্প বাস্তবায়নে প্রত্যক্ষভাবে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।
২. এলজিইডি প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় আয়োজিত কৃষি প্রশিক্ষণ, ওয়ার্কশপ এবং সম্প্রসারণ কার্যক্রম পরিকল্পনা ও কর্মসূচি সংক্রান্ত বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করবে এবং এ তথ্য বিনিময় করবে।
৩. এলজিইডি প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় কৃষি প্রশিক্ষণ ও ওয়ার্কশপের লজিস্টিক সহায়তা ও ভৌত ব্যবস্থার আয়োজন করবে।
৪. এলজিইডি প্রকল্প অথবা উপ-প্রকল্প সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ডিএইকে সরবরাহ করবে।

৫. এলজিইডি ডিএই'র সাথে ঘনিষ্ঠ এবং কার্যকরী সমন্বয়ের মাধ্যমে প্রকল্প বা উপ-প্রকল্প এলাকায় কৃষি সম্প্রসারণ কার্যক্রম পদ্ধতি স্থাপন ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে উন্নিতকরণে সহায়তা করবে ।
৬. এলজিইডি'র প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় কৃষি সম্প্রসারণ কার্যক্রমে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদান করবে।
৭. এলজিইডি প্রকল্প অথবা উপ-প্রকল্প বাস্তবায়নের শুরুতে ডিএই'র সাথে আলোচনা পূর্বক প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় কৃষি সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন পরিকল্পনা করবে ।
৮. এলজিইডি প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় কৃষি সম্প্রসারণ কার্যক্রম যথাযথ বাস্তবায়ন, অগ্রগতি পর্যবেক্ষণ ও মূল্যায়নে সহযোগিতার জন্য ডিএই'র প্রতিনিধি নিয়ে সদর দফতর পর্যায়ে একটি সমন্বয় কমিটি গঠন করবে; এবং কমিটির যাতায়াতের নিমিত্তে যানবাহনের ব্যবস্থাসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে ।
৯. এলজিইডি প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় কৃষি সম্প্রসারণ কার্যক্রমে বাস্তবায়নে অগ্রগতি সম্পর্কে ডিএইকে ত্রৈমাসিক ও বাৎসরিক ভিত্তিতে প্রতিবেদন সরবরাহ করবে।

## ৪. ডিএই'র দায়িত্বসমূহ

১. ডিএই ও ডিএই'র কর্মকর্তা ও কর্মীবৃন্দ এলজিইডিকে প্রকল্প ও উপ-প্রকল্প বাস্তবায়নে প্রত্যক্ষভাবে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে
২. ডিএই ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ে যোগ্য কর্মকর্তা ও কর্মীদের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য রিকোনায়সেন্স বা প্রাথমিক জরিপ, প্রকল্প ও উপ-প্রকল্পের সম্ভাব্যতা যাচাই, কৃষকদের চাহিদা নির্ণয় ও যাচাই, কৃষি উৎপাদন বৃদ্ধির সম্ভাবতা নিরূপণ, কৃষি সম্প্রসারণ কর্মসূচি প্রণয়ন, পরিকল্পনা তৈরি ও সম্প্রসারণ কার্যক্রম আয়োজন নিশ্চিত করবে এবং নিজস্ব সম্প্রসারণ কার্যক্রমে যথাসম্ভব প্রকল্প ও উপ-প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করবে।
৩. ডিএই উচ্চ ফলনশীল (উফশী) জাতের ব্যবহার, শস্য বিন্যাসের পরিবর্ধন, শস্য বহুমুখীকরণ, শস্য নিবিড়তা বৃদ্ধি, মাটির উর্বরতা ও উৎপাদন ক্ষমতা রক্ষণাবেক্ষণ, ধান ক্ষেতে মাছ চাষের উন্নয়ন ও সমন্বিত বালাই ব্যবস্থাপনা কার্যক্রমে কারিগরি সহযোগিতা প্রদান করবে।
৪. ডিএই কর্মকর্তা ও কর্মীবৃন্দ প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায়, উপজেলা ও জেলা পর্যায়ে এবং কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটে কৃষকদল ও কৃষক সংগঠন এর সদস্যবৃন্দকে প্রশিক্ষণ প্রদান ও তাদের সভায় প্রশিক্ষক হিসেবে সহযোগিতা ও পরামর্শ প্রদান করবে।
৫. ডিএই কর্মকর্তা ও কর্মীবৃন্দ এলজিইডি ও প্রকল্প অথবা উপ-প্রকল্প বা সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মীদের কৃষি সম্প্রসারণ কার্যক্রম আয়োজন ও ব্যবস্থাপনা এবং কৃষি উৎপাদন বৃদ্ধিতে সম্প্রসারণ কার্যক্রমের কার্যকারিতা যাচাইয়ের উপর উপজেলা ও জেলা পর্যায়ে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান করবে।
৬. ডিএই প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় বৃক্ষ উৎপাদন পরিকল্পনা ও বসতবাড়ির সন্নিকটস্থ জমি নিবিড় সব্জি উৎপাদনের আওতায় এনে পুষ্টি সরবরাহ বৃদ্ধিতে সহযোগিতা করবে।
৭. ডিএই প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকাধীন বাঁধে বনায়ন সৃষ্টির জন্য প্রকল্প অথবা উপ-প্রকল্প ভিত্তিক সমিতির সদস্য ও দুঃস্থ মহিলাদের পরামর্শ প্রদান করবে যাতে করে তাদের সম্ভাব্য উপার্জন বৃদ্ধি কার্যক্রমে সহায়ক হয়।
৮. ডিএই প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় দক্ষ পানি ব্যবস্থাপনা, সার ও বালাইনাশক প্রয়োগ এবং সমন্বিত বালাই ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই কৃষি উৎপাদনে উৎসাহিত করবে।
৯. এলজিইডি'র প্রকল্প ও উপ-প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে সংশ্লিষ্ট প্রকল্প ও উপ-প্রকল্প এলাকায় উপরোক্ত ১ হতে ৮ পর্যন্ত কার্য সম্পাদনে ডিএই এর নিজস্ব তহবিলের কোন অর্থ খরচ হবেনা। বাস্তবায়ন সমাপ্তির পর সংশ্লিষ্ট প্রকল্প ও উপ-প্রকল্পাধীন কৃষকদের, ডিএই নিজস্ব নিয়মিত সম্প্রসারণ কার্যক্রমের আওতায় যথাসম্ভব প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে ।

এ পরিপ্রেক্ষিতে ডিএই ও এলজিইডি এই স্মারকের শুরুতে উল্লিখিত তারিখে স্বাক্ষর প্রদানে সম্মত হলো।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
(ডিএই)

স্বাক্ষরঃ

(মোসলেহ্ উদ্দিন আহমেদ)
মহাপরিচালক

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
(এলজিইডি)

স্বাক্ষরঃ

(মোঃ শহীদুল হাসান)
প্রধান প্রকৌশলী